কিন্তু তাঁহার ভ্রাতা সোলিমানকে আপন রাজ্য ছাড়িয়া দিতে তাঁহার অত্যাবশ্যক হইয়াছিল।

৪৪৮ অপর তৃতীয় সোলিমান যুদ্ধে পরাজিত হইতেন কিন্তু তাঁহার প্রধান মন্ত্রী কাইওপ্রুলি কর্তৃক তাঁহার রাজ্য পুনর্ব্বার পূর্ব্বমত সংস্থাপিত হইয়াছিল। পরে তাঁহার ভ্রাতা দ্বিতীয় আথমেট্ ও দুর্ভাগ্যশালী ছিলেন।

৪৪৯ অপর তৃতীয় সোলিমানের ভ্রাতৃপুত্র দ্বিতীয় মস্তাফা রাজা হওয়াতে রাজকীয় ব্যাপার সকল প্রকারান্তর হইল কিন্তু অবশেষে ইউজিন নামক রাজা কর্তৃক তিনি যুদ্ধে পরাজিত হইয়া ক্রিষ্টিয়ান্ ১৭০০ শকে রাজচ্যুত হইয়াছিলেন।

৪৫০ তদনন্তর তাঁহার ভ্রাতা এবং উত্তরাধিকারী তৃতীয় আথমেট্ পলটোয়ানামক স্থানের যুদ্ধ হওনানন্তর সুইডেন দেশীয় দ্বাদশ চার্ল্স নামক রাজাকে আশ্রয় দিয়াছিলেন পরে কৌলিখাঁর এবং পর্শিয়ান জাতিরদিগের বিপক্ষে যে যুদ্ধ হইয়াছিল তাহাতে জয়ী হইতে না পারাতে তিনি রাজ্যভ্রষ্ট হইয়াছিলেন।

৪৫১ অপর তাঁহার ভ্রাতুষ্পুত্র এবং উত্তরাধিকারী পঞ্চম মহম্মদ ও রুশিয়ান্‌দিগের সহিত এবং কৌলিখাঁর সহিত যে যুদ্ধ হইয়াছিল তাহাতে জয়ী হইতে পারেন নাই এবং ঐ কৌলিখাঁকে পর্শিয়ার সোফি অর্থাৎ রাজার স্বরূপ করিয়া তাঁহাকে মান্য করিতে হইয়াছিল।

৪৫২ অপর ১৭৫৪ শকে তাঁহার ভ্রাতা ওসমান্ তৎপদাভিষিক্ত হয়েন এই রাজা বিজ্ঞ ও অমায়িক এবং নির্বিরোধী ছিলেন কিন্তু ইহার রাজত্ব অল্পকালস্থায়ী ছিল পরে ১৭৫৭ শকে তাঁহার মৃত্যু হওয়াতে তৃতীয় মস্তাফা রাজা হইয়াছিলেন। এই রাজার রাজত্ব কালীন রুশিয়ান্ জাতিরদিগের কর্তৃক রাজ্যে অনেক উৎপাত উপস্থিত হইয়াছিল।

৪৫৩ অপর পঞ্চম মহম্মদের অন্য এক ভ্রাতা চতুর্থ আখমেট্ রাজা হয়েন পরে ১৭৮৯ শকে তাঁহার মৃত্যু হইলে তৃতীয় সলিম্ সিংহাসনারোহণ করিয়াছিলেন কিন্তু ১৮০১ শকে জানিসারিস্‌নামক সৈন্যেরা এক উপপ্লব উপস্থিত

করিয়া তৃতীয় সলিম্‌কে সিংহাসনচ্যুত করত চতুর্থ মস্তাফাকে রাজ্যাভিষিক্ত করিয়াছিল। ঐ রাজাকে এবং তাঁহার পূর্ব্ব রাজগণেরদিগকেও সন্ধির মূলস্বরূপ বৃহৎ২ প্রদেশ লোভি রুশিয়ান্ জাতিরদিগকে দিতে হইয়াছিল।

## আরেবিয়া দেশের বৃত্তান্ত।

৪৫৪ আরব্ জাতিরা সর্ব্বকালেই নির্দ্দিষ্ট বাসস্থানবর্জ্জিত ও স্বাধীন অবস্থায় ভ্রমণ করিয়া কালযাপন করে তাহারা প্রায় সর্ব্বদাই আপনার-দিগের নিকটস্থ জাতিরদের সহিত যুদ্ধ করে কিন্তু কখন কোন দিগ্বিজয়ীকর্তৃক পরাভূত হয় নাই।

৪৫৫ ক্রিষ্টিয়ান্ ৫৬৯ শকে রেড্‌সিনামক সমুদ্রতীরস্থ মেক্কা নগরে ভাক্ত সিদ্ধপুরুষ মহম্মদের জন্ম হয় তিনি নীচ কুলোদ্ভব এবং উত্তম শিক্ষা পান নাই কিন্তু বড় বুদ্ধিমান্ ও দিগ্দর্শন দ্বারা এবং গৌরবাকাঙ্ক্ষাপ্রযুক্ত তাঁহার বুদ্ধির অত্যন্ত প্রাখর্য্য হইয়াছিল।

৪৫৬ অপর তাঁহার দেশস্থ লোকেরা তাঁহার প্রতারণায় মুগ্ধ না হওয়াতে ৬২২ শকে তাঁহার ৫৪ বৎসর বয়সে এবং তাঁহার সিদ্ধপুরুষ রূপে বিখ্যাত হওনাবধি দশম বৎসরে তিনি মেডিনা নগরে পলায়ন করিয়াছিলেন তাঁহার মতাবলম্বি লোকেরা তাঁহার পলাইবার শককে হিজরী অর্থাৎ পলায়ন কহে।

৪৫৭ অপর মেডিনা নগরে তিনি আপন শিষ্য-গণের সাহায্যে জয়ী হইয়া মেক্কা নগরে শীঘ্র পুনরা গমন করিয়া অনেক লোককে আপন মতাবলম্বী করেন কিন্তু অতিত্বরাতেই আরেবিয়া ও সাইরিয়া দেশ অধিকার করত ৬২৭ শকে রাজা হইয়া ছিলেন এবং ৬৩২ শকে তাঁহার পঞ্চত্ব হইলে তাঁহার উভয় পক্ষীয় সন্তানেরা পর্শিয়া এবং ইজিপ্তদেশে পরাক্রমশালী রাজা হইয়া ছিলেন।

৪৫৮ অপর ঐ বংশীয় পর্শিয়াদেশের রাজারা আপনারদিগের রাজধানী বাগ্‌দাদ্ নগর অবধি

পূর্ব্বদিগস্থ নানা দেশে মহম্মদের ধর্ম্ম বিস্তার করিয়াছিলেন ঐ সকল স্থানে অদ্যাবধি ঐ ধর্ম্মের প্রাদুর্ভাব আছে এবং ঐ বংশীয় ইজিপ্ট দেশের রাজা যাঁহারা সারাসেন্ অথবা মূর নামে বিখ্যাত তাঁহারা আফ্রিকার উত্তর খণ্ড ও ইউরোপের দক্ষিণ খণ্ড ও মিডিটরেনিয়ান্নামক বিখ্যাত সমুদ্রস্থ তাবৎ উপদ্বীপ এই সকল এবং ইত্যাদি স্থানে ঐ ধর্ম্ম বিস্তার করিয়াছিলেন মোরাকো দেশীয় বর্ত্তমান সম্রাট ঐ পূর্ব্বোক্ত সারাসেন্ কুলোদ্ভব হয়েন।

টিপ্পনী। আফ্রিকার উত্তর খণ্ডস্থ বারকানামক প্রদেশে এবং তত্রস্থ মরুভূমি ইজিপ্ট দেশের রাজপ্রতিনিধিদ্বারা শাসিত হয় ও সাইরেনেকা দেশে এক জন পৃথক্ শাসনকর্ত্তা আছেন ট্রিপলিদেশে একপ্রকার সাধারণ কর্ত্তৃত্ব রাজশাসন হয় তাহাতে সৈন্যেরা ডিউপাধি দিয়া এক জনকে কর্তৃত্বে নিযুক্ত করে ও টর্ক দেশীয় সম্রাটের অনুমতিতে টিউনিস্ দেশে ও ট্রিপলির রাজশাসনের রীত্যনুসারে ডিনামক এক জন প্রধান লোককে কর্তৃত্ব পদে নিযুক্ত করেন। আফ্রিকার মধ্যে টর্কজাতির দিগের যেপর্য্যন্ত প্রভুত্ব আছে তাহার সীমা যে আলজিয়র্স দেশ তাহাতেও ট্রিপলি ও টিউনিস্ দেশের ন্যায় রাজশাসনের ধারা স্থাপিত হইয়াছে এবং তদ্দেশে জলদস্যুরদিগের বাসস্থান হইয়াছে। পূর্ব্বোক্ত দেশীয় লোকেরা কান্‌ষ্টান্টি-

নোপল্ দেশীয় সম্রাটের আশ্রিত কিন্তু তাঁহার অধিকারস্থ নহে এবং ফেজ্ ও মোরাক্কো রাজ্য যেখানে মহম্মদ বংশীয়েরা রাজত্ব করেন তত্রস্থ লোকেরা ঐ সম্রাটের আশ্রিত নহেন।

৪৫৯ অপর কএক বৎসর হইল ওহাবিনামক মতাবলম্বিরা আরেবিয়া দেশে উৎপাত উপস্থিত করিয়াছে ঐ মতের প্রচারকর্ত্তা আপনাকে ঈশ্বরের প্রেরিত বলিয়া আরেবিয়ার অনেক অংশে এবং পর্শিয়ার কোন২ প্রদেশে আপনার প্রভুত্ব ও ঐ ধর্ম্ম প্রচার করিয়াছিলেন কিন্তু সংপ্রতি এমত সংবাদ পাওয়া গিয়াছে যে ঐ মতাবলম্বি লোকেরা পরাভূত হইয়াছে।

ইজিপ্টদেশের বৃত্তান্ত।

৪৬০ সাত শত বৎসর পর্য্যন্ত ইজিপ্ট দেশ রোমান রাজ্যের এক প্রদেশ ছিল তাহার পর দ্বিতীয় ওমার্নামক মহম্মদ বংশীয় এক রাজা কান্‌ষ্টাণ্টিনোপলের অধিরাজকে পরাজয় করিয়া ঐ দেশ লইয়াছিলেন এই রাজাই আলেক্সাণ্ড্রিয়া নগরের প্রসিদ্ধ পুস্তকাগার গোঁড়ামিপ্রযুক্ত দগ্ধ-

করিয়াছিলেন।

৪৬১ পরে ফাটেমাইট্ বংশীয় মোয়েজ্‌নামক এক রাজা ক্রিষ্টিয়ান্ ৯৮২ শকে ইজিপ্ত দেশ জয় করত তথায় আপন রাজধানী করিয়াছিলেন এবং সালাডিন্‌কর্ত্তৃক টর্কজাতিরদিগের রাজ্য আফ্রিকায় স্থাপিত হওনপর্য্যন্ত তাঁহার সন্তানেরা ইজিপ্ত দেশে রাজ্য ভোগ করিয়াছিলেন।

৪৬২ সালাডিন্ রাজার জন্মস্থান ইজিপ্ত দেশ তিনি ক্রুসেডনামক যুদ্ধ সময়ে ক্রিষ্টিয়ানেরদিগের প্রবল শত্রু ছিলেন তিনি মামিলিউক্‌নামক সৈন্যের দল স্থাপন করেন ও ঐ সৈন্যেরা ৩০০ বৎসর পর্য্যন্ত আপনারদিগের মধ্যহইতেই এক২ জনকে মনোনীত করিয়া ইজিপ্ত দেশের রাজা করিত কিন্তু ১৫১৭ শকে তাহারা সলিম রাজাকর্ত্তৃক পরাভূত হওয়াতে ইজিপ্ত দেশ টর্কজাতিরদিগের রাজ্যান্তর্গত হইয়াছিল।

৪৬৩ অপর ১২৫০ শকে বাহারাইট্ মামিলিউকনামক সৈন্যেরা সালাডিন্‌বংশীয় শেষ

রাজার বধকরণপূর্ব্বক রাজ্যশাসনের রীতি পরীবর্ত্ত করিয়া প্রজাপ্রভুত্ব রাজত্ব স্থাপন করিয়াছিল।

৪৬৪ পরে ১৭৯৮ শকে বোনাপার্টী ফ্রান্স-দেশীয় সৈন্যসমূহ সমভিব্যাহারে ইজিপ্ট দেশে আগমন করত মামিলিউক্‌নামক সৈন্যেরদিগকে পরাজয় করিয়া ঐ দেশ সম্যকরূপে স্বায়ত্ত করিয়াছিলেন কিন্তু নেল্‌সন্‌ ফ্রেঞ্চেরদিগের ডিঙ্গাসমূহ জয়করাতে এবং তাঁহারদিগের অনেক সৈন্য ক্ষয় হওয়াতে বোনাপার্টী ফ্রান্‌দেশে প্রত্যাগমন করিলেন এবং অবশেষে তাঁহার সৈন্যেরা ইংলণ্ডীয় এবং টর্কী দেশীয় সৈন্যেরদিগের নিকট পরাজয় স্বীকার করাতে পোর্টী অর্থাৎ টর্কজাতীয় রাজা ইজিপ্ট দেশ পুনর্ব্বার হস্তগত করিলেন।

পর্শিয়াদেশের বিবরণ।

৪৬৫ আলেক্‌সাণ্ডর রাজার সেনাপতি গণের উত্তরাধিকারিরদিগকে রোমানেরা বারম্বার পরাজয় করিবার চেষ্টা করাতেও এই বিখ্যাত দেশ

তাহারদিগেরই অধীন ছিল পরে ক্রিষ্টিয়ান্ ১৩৯০ শকে টারটারী দেশীয় দিগ্বিজয়ী টামর্‌লেন্ কর্তৃক তাঁহারা পরাভূত হইলে তাঁহার অর্থাৎ ঐ দিগ্বিজয়ীর সন্তানেরা ঐ দেশে আসিয়া বাস করিলেন।

৪৬৬ তদনন্তর টামর্‌লেনের সন্তানেরা সোফিয়া বংশীয়েরদিগেরকর্তৃক পরাজিত হইলেন পরে ১৭৩৫ শকে ঐ বংশের শেষ রাজার সেনাপতি কৌলিখাঁ তাঁহার নামান্তর নাদর্‌শাহ্ ছিল তিনি রাজপদাভিলাষী হইয়া আপন নৃপতিকে সিংহাসনচ্যুত করিয়াছিলেন পরে ১৭৩৯ শকে তিনি ইণ্ডিয়া আক্রমণ করিয়া মোগল্ রাজ্য জয় করিয়াছিলেন ও দিল্লি নগর হস্তগত করত প্রচুর ধনপ্রাপ্ত হইয়াছিলেন এবং বহু প্রাণি হত্যা করিয়াছিলেন।

৪৬৭ পরে এই দুরাত্মা ইণ্ডিয়ার সম্রাট এই উপাধি গ্রহণ করিয়া পর্শিয়া দেশে প্রত্যাগমন করত তদ্দেশীয়েরদের ধর্ম্ম পরীবর্ত্তন করিবার

চেষ্টাতে নিশ্বাস রোধদ্বারা সকল যাজকেরদিগকে বধ করিয়াছিলেন পরে ১৭৪৭ শকে তাঁহার আত্মীয় লোকেরাই আত্মরক্ষার নিমিত্ত শিবির মধ্যে তাঁহাকে বধ করিয়াছিল।

৪৬৮ অপর তিনি পঞ্চত্বপ্রাপ্ত হইলে অনেকে পর্শিয়া রাজ্য লওনেচ্ছুক হইবাতে আত্মবিরোধে ঐ দেশ উচ্ছিন্ন হইল কিন্তু পূর্ব্বোক্ত উৎপাত সকলের দ্বারা রাজ্য নষ্ট হইলে পর করিম্ খাঁর রাজত্ব সময়ে রাজ্য পুনর্ব্বার সুস্থির হইল ইনি এক উপযুক্ত রাজা ছিলেন কিন্তু নীচকুলোদ্ভব এবং বিংশতিবৎসর রাজত্ব করিয়া ১৭৭৬ শকে শিরাজ্ নগরে পরলোকপ্রাপ্ত হইয়াছিলেন।

৪৬৯ অপর তাঁহার মৃত্যুহওনাবধি তাঁহার বংশোদ্ভব শেষ রাজা রাজ্যচ্যুত হইলে ১৭৯৪ শকে আগামহম্মদ্ খাঁর পুনর্ব্বার রাজ্যপ্রাপ্তি হওন পর্য্যন্ত পর্শিয়া রাজ্যে নানা গোল উপস্থিত হইয়াছিল। আমরা শুনিয়াছি যে ঐ আগামহম্মদখাঁ আপন পুত্রেরদিগকে রাজ্য ভার দিয়াছেন

ও আব্বাস্ মিরজা তাঁহার জ্যেষ্ঠ পুত্র অসাধারণ লক্ষণাক্রান্ত হয়েন ।

## ইণ্ডিয়ার বৃত্তান্ত ।

৪৭০ গ্রীক্‌জাতিরদিগের গ্রন্থেই ইণ্ডিয়ার সর্ব্বাপেক্ষায় প্রামাণ্যসূচক বিবরণ পাওয়া যায় তাহাতে শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট আলেকসাণ্ডরের তদ্দেশে যুদ্ধযাত্রার বর্ণন আছে তিনি তথায় আসিয়া দেখিয়াছিলেন যে ঐ দেশ ধনপূর্ণিত এবং লোকেরা সভ্য এবং রাজারদিগের প্রতি তাহারদিগের অনুরাগ ছিল এই রাজারা অনেক গ্রীক্‌জাতীয়েরদিগকে যুদ্ধে বধ করিয়াছিলেন ।

৪৭১ পরে ক্রিষ্টিয়ান্ ৭০৮ শকে কালিফ্ ওয়ালিদ্ ইণ্ডিয়ার মধ্যে নানা দেশ জয় করিয়াছিলেন ও ১০০২ শকে মামূদ্‌নামক এক রাজা হিন্দুস্থানের অনেক দেশ উচ্ছিন্ন করিয়াছিলেন এবং ১২২১ শকে তাইমুরলঙ্গ এই দেশ আক্রমণ করিয়াছিলেন । যে২ মনুষ্যহন্তার নাম ইতিহাসে লিখিত আছে তাহার মধ্যে ইনিই প্রধান ।

৪৭২ অপর তদবধি তাইমুর্লঙ্গের উত্তরাধিকারিরা মোগল্ রাজ্য ভোগ করিয়াছেন এবং শ্রেষ্ঠ মোগলেরদিগের মধ্যে আওরঙ্গজেব্ অত্যন্ত বিখ্যাত ছিলেন ইনি তাবৎ ইণ্ডিয়া হস্তগত করিয়া ৪০ বৎসরেরও অধিক কাল রাজ্য করত ১৭০৭ শকে পঞ্চত্ব পাইলেন।

৪৭৩ তৎপরে ১৭৩৯ শকে নাদের্শাহ এই রাজ্য বেষ্টন করত এমত উচ্ছিন্ন করিয়াছিলেন যে তৎকালাবধি মোগলেরদিগের রাজপ্রতিনিধিরা রাজাকে অমান্য করিতে লাগিল এবং ইংলণ্ডীয় ইষ্ট ইণ্ডিয়া কম্পানিনামক সাধুগণেরা ইণ্ডিয়া দেশ অনায়াসে জয় করিয়া এই ক্ষণে তদন্তর্গত কতক গুলিন উত্তমোত্তম প্রদেশ এবং অনেক সমুদ্রতীরস্থ দেশ অধিকার করিয়াছেন।

৪৭৪ অপর ১৭৫৬ শকে মোগল রাজার এক জন প্রতিনিধি সিরাজদ্দৌলা ইংলণ্ডীয় ইষ্ট ইণ্ডিয়া কম্পানিরদিগের কলিকাতায় যে এক বাণিজ্যালয় ছিল তাহার কর্ম্মকর্ত্তারদিগের সহিত বিরোধ করত

তাহারদিগের উপরে হঠাৎ আক্রমণ করিয়াছিলেন তাহাতে তাঁহারদিগকে সন্ধি করিতে আবশ্যক হইয়াছিল কিন্তু যে২ নিয়মে সন্ধি হইয়াছিল তাহা তিনি অমান্য করিয়া তাহারদিগের ১৪৬ জনকে এক ক্ষুদ্র কারাগারে বদ্ধ করিয়া রাখিয়াছিলেন ঐ কারাগারের নাম তদবধি অন্ধকারকূপ-হইয়াছে ঐ স্থানের মধ্যে তাঁহারদিগের ১২৩ জন অল্পক্ষণের মধ্যেই নিশ্বাসবদ্ধ ও তৃষ্ণাযুক্ত এবং উন্মত্ত হইয়া প্রাণত্যাগ করিয়াছিলেন।

৪৭৫ কিন্তু ইহার অত্যল্প কালপরেই কর্ণেল্ ক্লাইব্ যিনি পরে লার্ড উপাধি পাইয়াছিলেন তিনি কতকগুলিন ব্রিটেন্‌দেশীয় সৈন্য লইয়া গঙ্গা নদীর মধ্যদিয়া আসিয়া উত্তীর্ণ হইলেন ও কলিকাতা পুনর্ব্বার হস্তগত করত পলাশীনামক স্থানের যুদ্ধে সম্যক প্রকার জয়ী হইয়াছিলেন এই যুদ্ধে সিরাজদ্দৌলা হত হয়েন এবং বঙ্গ দেশ ইগ্লণ্ডরাজ্যের এক প্রদেশ হইল।

৪৭৬ অপর ব্রিটেন্‌দেশীয়েরা তাঁহারদিগের

সপক্ষ কোন২ রাজগণের সহায়তাতে ইণ্ডিয়ার মধ্যবর্ত্তি প্রায় তাবৎ বৃহৎ২ নগরই হস্তগত করিয়াছেন এবং আপনারদিগের স্বেচ্ছানুসারে কাহাকেও বা রাজা করিয়াছেন ও কোন২ রাজাকেও বা পদচ্যুত করিয়াছেন তদনন্তর তাঁহারদিগের অনিষ্টকারি শত্রু টিপুসুলতানকে সিরিঙ্গাপাটাম্ দেশস্থ রাজধানী বেষ্টন করিয়া লইবার সময়ে বধ করিয়াছিলেন পরে ইণ্ডিয়ার মধ্যে তাঁহারা অন্য এক যুদ্ধে মহারাষ্ট্র জাতীয় রাজা হুলকর্ নামক বীরকে জয় করিয়াছিলেন এবং ইদানীন্তন এতৎদেশীয় অন্যান্য রাজগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইয়া তাঁহারদিগকে বশীভূত করিয়াছেন।

চাইনা দেশের বিবরণ।

৪৭৭ পৃথিবীর মধ্যে এই রাজ্য সর্ব্বাপেক্ষায় বৃহৎ ও তাহাতে অনেক লোকের বসতি আছে এবং অতিপ্রাচীন কালে ঐ রাজ্য আরম্ভ হইয়াছে বলিয়া তদ্দেশীয়েরা যে গর্ব্ব করে তাহাতে বিশ্বাস হয় না কিন্তু একপ্রকার এই নিশ্চয় বোধ হয় যে

তাঁহারদিগের আদি সম্রাট্ ফোহি তিনি ক্রাইষ্ট জন্মিবার ২০৫৭ বৎসর পূর্ব্বে অর্থাৎ নূহনাতিরিক্ত জলপ্লাবনের ৩০০ বৎসর পরে রাজত্ব করিয়াছিলেন।

৪৭৮ এই প্রাচীন শকাবধি ক্রমাগত রাজগণের রাজত্ব সময়ে ঐ বিচক্ষণ লোকেরা আপনারদিগের রাজকীয় নিয়মাদি অত্যল্প পরিবর্ত্তন ব্যতিরিক্ত পূর্ব্বমত রক্ষা করিয়াছেন এবং এই রাজগণের প্রত্যেকের এই চেষ্টা যে তাঁহারা পূর্ব্বং রাজগণের অপেক্ষায় নিকটস্থ রাজারদিগের সহিত সন্ধি রাখেন ও প্রজারদিকে সুখী করেন।

৪৭৯ তাঁহারদিগের জাতির গুরু কান্‌ফিউশিয়স্ যাঁহার নামান্তর কাং—ফু—জি তিনি ক্রাইষ্ট জন্মিবার ৪৭৯ বৎসর পূর্ব্বে ছিলেন তিনি যেং নীতিশাস্ত্র করিয়াছিলেন তাহাই তদবধি তাঁহারদিগের রাজনীতি এবং লৌকিক ব্যবহারের মূল হইয়াছে। ক্রাইষ্ট জন্মিবার ২১৩ বৎসর পূর্ব্বে টারটার জাতিরদিগের আক্রমণ নিবারণার্থে তাঁহারদিগের বৃহৎ প্রাচীর নির্ম্মিত হইয়াছিল।

৪৮০ পরে ১৬৪০ শকে মাঞ্চিউনামক টার্‌টারি দেশের পূর্ব্ব খণ্ডস্থ লোকেরদিগের সহিত যুদ্ধ সময়ে কোন এক উপপ্লবীব্যক্তি সম্রাটকে সিংহাসনচ্যুত করিয়াছিল ইহাতে চাইনাদেশীয় সেনাপতি টার্‌টার্‌দিগের রাজা সন্‌-গেটের সহিত সন্ধি করিয়া ঐ উপপ্লবকারির দণ্ড করণে সাহায্য করিবার নিমিত্ত তাহাকে আহ্বান করিয়াছিলেন কিন্তু সন্‌-গেট্‌ রাজা চাইনা রাজ্য আপনি অধিকার করিয়া লইলেন এবং তদবধি ঐ রাজ্য তাঁহার সন্তানেরদিগেরই আছে ।

৪৮১ চাইনাদেশের গত রাজা কাইয়েন্‌-লাং যিনি অমায়িক এবং বিজ্ঞ ছিলেন তিনি ৬৩ বৎসর রাজত্ব করত ১৭৯৯ শকে পঞ্চত্বপ্রাপ্ত হইলেন অপর বর্ত্তমান রাজা কা-হিং তাঁহার পদ প্রাপ্ত হইলেন ইনি নিব্বিরোধী হইয়া রাজত্ব করিতেছেন এবং লোভপ্রযুক্ত কিম্বা অন্যের বিষয়ে সংস্রব করিয়া নিকটস্থ রাজগণকে উত্ত্যক্ত করেন না ।

৪৮২ চাইনাদেশীয়েরা ভিন্ন দেশ জয় করণা-

শয়ে কদাচ যুদ্ধ করেন না ও অন্য২ রাজারদিগের নিকটে আপনারদিগের দূত রাখেন না এবং ভিন্ন জাতীয়েরদিগের রাজনীতি আপনারদিগের রাজনীতির সহিত মিশ্রিত করেন না এইপ্রযুক্ত প্রতিবাসিরদিগের সহিত তাঁহারদিগের কদাচ যুদ্ধ হয় না এবং তাঁহারদিগের স্বকীয় রাজনীতি ও স্বধর্ম্ম ও ব্যবহারাদি তাঁহারা অবৈলক্ষণ্যরূপে রক্ষা করিতেছেন ।

৪৮৩ যে২ উত্তমোত্তম উপদ্বীপকে জাপান্ রাজ্য বলা যায় তাহা চাইনার নিকটস্থ সমুদ্রের মধ্যে আছে এই রাজ্য চাইনার তুল্য প্রাচীন এবং তত্রস্থ লোকেরাও গর্ব্ব করিয়া কহিয়া থাকে যে মোসেস্কর্তৃক নিরূপিত সৃষ্টির আদিকালের বহু সহস্র বৎসর পূর্ব্বাবধি তাহারদিগের দেশে ক্রমবর্ত্তি অনেক রাজারা রাজত্ব করিয়াছেন ।

৪৮৪ পৃথিবীর পূর্ব্বখণ্ডস্থ অনেক জাতিরাই ঐরূপ আপনারদিগের বংশ অতিপ্রাচীন বলিয়া গর্ব্ব করে কিন্তু তাহারদিগের ইতিহাস ইউ-

রোপীয় জাতিরা প্রামাণ্য করেন না যেহেতুক হিব্রু এবং গ্রীকেরদিগেরহইতে প্রাপ্ত পূর্ব্বকালীন ইতিহাস যাহাতে কহে যে ক্রাইষ্ট জন্মিবার ১২০০ কিম্বা ১৫০০ বৎসর পূর্ব্বে লোকেরদিগের সমাজ হইতে আরম্ভ হয় তাহাই ইউরোপীয় জাতিরা অতিপ্রাচীন বলিয়া মান্য করেন ।

আমেরিকা অথবা কলম্বিয়ানামক মহাদ্বীপের বিবরণ ।

৪৮৫ ক্রিষ্টিয়ান্ ১৪৯২ শকের পূর্ব্বে ইউরোপ ও আশিয়া এবং আফ্রিকার লোকেরা পৃথিবীর এই মহাদ্বীপ অজ্ঞাত ছিলেন ঐ শকে কলম্বস নামে এক ব্যক্তি স্পেনদেশহইতে ঐ পথ দিয়া ইণ্ডিয়ায় যাইবার মানসে ডিঙ্গা আরোহণ করিয়া গমন করত আমেরিকা প্রকাশ করিলেন ।

৪৮৬ অপর তিনি প্রথমে বাহামানামক উপদ্বীপ সকলে উত্তীর্ণ হইয়া পরে তথাহইতে দক্ষিণ

দিকে বাহিয়া হিস্পানিওলানামক উপদ্বীপে গমন করিলেন দ্বিতীয় যাত্রায় তিনি কিউবা ও জামেকা নামক উপদ্বীপ প্রকাশ করিয়াছিলেন তৃতীয়বারে ট্রিনিডাড়্নামক উপদ্বীপ ও অরুনোকানামক নদী প্রকাশ করিয়াছিলেন ।

৪৮৭ এই সকল নানাস্থান প্রকাশ করণদ্বারা তিনি অতিশয় যশঃপ্রাপ্তহওয়াতে ইউরোপের সকল জাতীয় লোকেরাই তৎকর্ম্মে প্রবৃত্ত হইল তাহারদিগের মধ্যে ফ্লোরেন্স নগরস্থ আমেরিকস্ বেস্পিউশিয়স্নামক এক ব্যক্তি এই নূতন প্রকা– শিত মহাদ্বীপকে আপন নামদ্বারা প্রসিদ্ধ করিয়া– ছিলেন ইহার কিছুকাল পরেই কাবট্নামক ইংগ্লণ্ডীয় এক ব্যক্তি উত্তর আমেরিকার সমুদ্র তট প্রকাশ করিলেন ।

৪৮৮ অপর স্পেনদেশীয়েরা অত্যন্ত ধনলোভ প্রযুক্ত আপনারদিগের সৈন্যাধ্যক্ষ কোরটেজ্ ও পিজারো ও আলমাগ্রোর আজ্ঞানুবর্ত্তী হইয়া কি– উবা ও হিস্পানিওলা ও মেক্সিকো এবং পিরু

দেশে অতিশয় নিষ্ঠুর ব্যবহার ও অনেক প্রাণি হত্যা করত ঐ সকল দেশ উচ্ছিন্ন করিয়া তথায় আপনারদিগের অধিকার সংস্থাপন করিল।

৪৮৯ অপর মেক্সিকোদেশে এক ইণ্ডিয়ান্ত মহারাজ্য দর্শন করিয়া কোরটেজ তথাকার মহারাজ মান্টেজুমা যিনি প্রজারদিগের কর্ত্তা ও পিতা স্বরূপ ছিলেন তিনি আপন ধন কোথায় লুকাইয়া রাখিয়াছিলেন তাহা প্রকাশ না করাতে তাঁহাকে দগ্ধ করিয়া বধ করিয়াছিল এবং তাঁহার দশ লক্ষ প্রজারদিগকে আগ্নেয়াস্ত্রে অর্থাৎ বন্দুকাদি দ্বারা বিনাশ করিয়াছিল ঐ যন্ত্রকে সেই অজ্ঞানি লোকেরা দেবাস্ত্র জ্ঞান করিত।

৪৯০ ঐরূপ পিজারো ও পিরুদেশে এক রাজ্য দেখিয়াছিলেন যাহা মাঙ্কোকাপাকদ্বারা তিন শত বৎসর পূর্ব্বে সংস্থাপিত হইয়াছিল তথাকার লোকেরা সভ্য ছিল এবং আপনারদিগের রাজা কর্তৃক পুত্রের ন্যায় পালিত হইত। এই দেশের রাজা আটাবাল্সিপাকে মোচন করণার্থে পিজারো

প্রথমে তাঁহার নিকটহইতে পঞ্চদশ লক্ষ ইংরাজী মুদ্রা অর্থাৎ ন্যূনাতিরিক্ত এক কোটি বিংশতি লক্ষ তঙ্কা লইয়া পরে তাঁহাকে বধ করিলেন ।

৪৯১ অপর তদবধি মেক্সিকো ও পিরু এবং চিলি রাজ্য স্পানিয়ার্ডেরদিগের অধিকারে আছে এই তিন রাজ্যই স্পেনদেশ অপেক্ষায় দ্বিগুণ প্রশস্ত কিন্তু স্পেন্‌দেশে উপপ্লব হইবার পর অবধি ঐ তিন প্রদেশে দুই দল হইয়াছে তাহার-দিগের মধ্যে এক দল স্বাধীন হওনেচ্ছুক হইয়া এবং অন্য দল তাঁহারদিগের পূর্ব্ব বাসস্থান অর্থাৎ স্পেন্‌দেশের হিতৈষী হইয়া পরস্পর যুদ্ধ করাতে ঐ সকল প্রদেশ অতিশয় ছিন্নভিন্ন হইয়াছে ।

৪৯২ অপর কলম্বসদ্বারা ওয়েষ্ট অর্থাৎ পশ্চিম ইণ্ডিয়া প্রকাশ হইবার অব্যবহিত পরেই পোর্টুগী জাতিরা ব্রেজীল দেশ প্রকাশ করিয়া তথায় বসতি করিতে লাগিল ঐ অতিপ্রশস্ত দেশ বাণিজ্যের উপযুক্ত স্থান এমত স্থানে স্থাপিত আছে যে তাহাতে রাজ্যের উন্নতি হয় এবং ফ্রান্স-

দেশীয়েরা যেমত২ নিয়ম করিতে চাহিয়াছিল তাহাতে ও সম্মত হইয়া পোর্টুগীরা ১৮০৭ শকের নোবেম্বরমাসে ব্রেজিল্ দেশে আপনারদিগের রাজ্য স্থাপন করিল ।

৪৯৩ অপর যখন স্পানিয়ার্ডেরা ও পোর্টুগীরা দক্ষিণ আমেরিকা জয় করিয়া তথায় বসতি করিতে আরম্ভ করিল তখন ইংগ্লণ্ডীয়েরাও উত্তর আমেরিকার সমুদ্রতটে বসতি করিতে লাগিল এবং সপ্তদশ শত শকের মধ্যেই নোবাস্কোশিয়া অবধি চার্ল্স্‌টৌন্ পর্য্যন্ত তাবৎ সমুদ্র তটই আপনারদিগের অধিকারস্থ করিয়াছিল । তাহার মধ্যে নূতন ইংগ্লণ্ড ও নূতন ইয়ার্ক ও বর্জিনিয়া ও নূতন জর্সী ও পেন্‌সিল্‌বেনিয়া ও কারোলিনাস্ প্রভৃতি স্বতন্ত্র২ প্রদেশ ও অধিকার করেন ।

৪৯৪ পরে এই সকল নূতন স্থাপিত প্রদেশ যে স্থানহইতে বসতি হইয়াছিল তথাকার লোকেরা তাহারদিগকে বহুমূল্য ও ইষ্টবোধ করিয়াছিল পরে ১৭৬৫ শকে ব্রিটিশপার্লিমেণ্টনামক

রাজকীয় সভা যাহাতে তত্তৎ দেশীয়েরদিগের প্রতিনিধি ছিল না তাহার আজ্ঞানুসারে তাহারদিগের স্থানে কর লইবার প্রস্তাব হইবাতে তাহারা তদ্বিষয় নিবারণকরণার্থে ঐ সভাস্থেরদের নিকটে প্রার্থনা করিয়াছিল পরে ভয় প্রদর্শন করিতে লাগিল তদনন্তর বিরোধ উপস্থিত করিলেক এবং অবশেষে ১৭৭৫ শকে স্পষ্ট হইয়া যুদ্ধে প্রবৃত্ত হইল।

৪৯৫ পরে ঐ নূতন বসতিকারি প্রজারদিগের ও ব্রিটনেরদিগের মধ্যে ক্রমিক সাত বৎসর পর্য্যন্ত ঘোরতর সংগ্রাম হইয়াছিল পরে তাহারদিগের উপর ব্রিটনেরদিগের প্রভুত্ব পুনর্ব্বার সংস্থাপন করা অসাধ্য হওয়াতে তাহারদের স্বাধীনত্ব সাভ্যস্ত হইয়া ঐ সকল প্রদেশ ইউনাইটেড্‌ষ্টেটস্ আব্‌নার্থ আমেরিকা নামে প্রসিদ্ধ হইল অর্থাৎ আমেরিকার উত্তর খণ্ডস্থ তত্তৎ প্রদেশ একত্র একরাজ্য হইল।

৪৯৬ অপর ঐ যুদ্ধের সময়ে ঐ সকল প্রদেশস্থ লোকেরদিগের প্রতিনিধিরা একত্র ঐ মি-

নিত রাজ্য শাসন করিত কিন্তু বৃটনেরদিগের সহিত সন্ধি হইবার পর অবধি প্রজাপ্রভুত্ব রাজ্য সংস্থাপন হইল জার্জ ওয়াশিংটন্ যিনি ঐ পূর্ব্বোক্ত যুদ্ধকালীন আমেরিকাস্থ সৈন্যাধ্যক্ষ ছিলেন তিনি প্রথমে ঐ প্রজাপ্রভুত্ব রাজ্যের প্রধান অধ্যক্ষ হইয়াছিলেন।

৪৯৭ তদনন্তর ওয়াশিংটনের পর জেফরসন্ ও আডম্স ও মাডিসন্ এবং মনরো ক্রমে তৎ পদাভিষিক্ত হইয়াছেন গত ত্রিংশৎবৎসরের মধ্যে এই প্রজাপ্রভুত্ব রাজ্যের বসতি তিনগুণ অধিক হইয়াছে এবং তত্রস্থ লোকেরা পৃথিবীর তাবৎ দেশেই বাণিজ্য করিতে আরম্ভ করিয়াছে।

৪৯৮ অপর ১৮১২ শকে ইউরোপীয় রাজগণেরদিগের পরস্পর যুদ্ধসময়ে বৃটনেরদিগের সহিত ঐ প্রজাপ্রভুত্ব রাজ্যস্থেরদিগের পুনর্ব্বার যুদ্ধ আরম্ভ হইয়াছিল তাহার কারণ এই যে বৃটনেরা তাহারদিগের ডিঙ্গা সকল অনুসন্ধান করিতে চাহিবাতে এবং ডিঙ্গাস্থ লোকেরদিগকে

আবশ্যক মতে যুদ্ধকরণার্থে বলক্রমে লইয়া যাইতে চাহিবাতে আমেরিকানেরা অতিশয় কোপযুক্ত হইয়া যুদ্ধারম্ভ করিল এই উপলক্ষে ওয়াশিংটন্ ও অন্যান্য আমেরিকাস্থ নগর দগ্ধ হইয়াছিল বটে কিন্তু আমেরিকানেরা তাহাতে বারম্বার জয়ী হইয়াছিল পরে যে২ বিষয়ের নিমিত্ত যুদ্ধ উপস্থিত হইয়াছিল তাহা নিষ্পত্তি না হইয়াও ১৮১৫ শকে পুনর্ব্বার সন্ধি হইয়াছিল ।

---

বৃহৎ২ ঘটনাসম্বন্ধীয় কালের সংক্ষেপবিবরণ ।

---

ক্রাইষ্টের জন্মশকের পূর্ব্বে ।

৪০০৪ পৃথিবীর সৃষ্টি ও আডাম্ ও ইবের জন্ম হয় ।

৪০০২ স্ত্রীলোকের গর্ব্তে প্রথমোৎপন্ন যে কেন্ তাঁহার জন্ম হয় ।

২৩৪৮ সর্ব্বসাধারণ জলপ্লাবন হয় এবং নোয়া ও তাঁহার পরিবারেরা ডিঙ্গা আরোহণপূর্ব্বক রক্ষা পান ।

২২৪৭ বেবল্ দেশ নির্ম্মাণ তদনন্তর মনুষ্যের
নানাদেশে বাস হয়।

১৫৫৬ সিক্রাপস্কর্তৃক আথেন্স রাজ্য সং–
স্থাপন হয়।

১৩৫৯ আর্গোনাট্ জাতীয়েরা কোল্কিস্–
নামক স্থানে যুদ্ধার্থে গমন করে।

১২৫৩ অনুমান হয় যে ডাইডো কার্থেজ
রাজ্য সংস্থাপন করেন।

১২০৯ ট্রোয়য্ দেশ পরহস্তগত হইয়া ধ্বংস
হয়।

১০৯৫ স্বদেশের উপকারার্থে আথেন্স দেশের
শেষ রাজা কোড্রস্ আত্ম প্রাণ দেন।

৮৮৫ লাইকর্গস্ আপন প্রসিদ্ধ রাজকীয়
ব্যবস্থা প্রকাশ করেন।

৭৭১ রুম্ রাজ্য সংস্থাপনকর্ত্তা রমিউলস্
এবং রিমসের জন্ম হয়।

৭৫৩ রুম্ রাজ্য সংস্থাপন হয়।

৭১৬ রমিউলসের মৃত্যু হয়।

৬৭০ হোরেশিয়াই ও কিউরিএশিয়াইয়ের- দিগের যুদ্ধ হয়।

৬২৪ আথেন্স দেশে ড্রেকোকর্তৃক উৎকট রাজ- কীয় নিয়ম প্রকাশ হয়।

৬০২ আসাইরিয়া রাজ্যের রাজধানী নাই- নিবানামক নগর বিনাশ হয়।

৫৯৪ আথিনিয়ান্ জাতিরদিগকে সোলন্ স- দ্ব্যবস্থা দেন।

৫৩৮ বাবিলন্দেশ সাইরস্ রাজার হস্তগত হয়।

৫০৯ টারকুইন রুমনগরহইতে বহিষ্কৃত হয়েন ও ঐকাধিপত্য রাজশাসনের লোপ হয়।

৪৯০ মারাথন্নামক স্থানে যুদ্ধ হয় এবং ঐ যুদ্ধে মিলটাইয়াডিস্ পর্শিয়ান্ জাতির- দিগকে পরাভূত করেন।

৪৭৯ প্লাটিয়ানামক স্থানের নিকটে পর্শিয়ান্- জাতির সেনাপতি মার্ডোনিয়সের পরা- ভব ও বিনাশ হয়।

৪৬৫ জরাক্সেসের বিনাশ হয়।

৪৪৬ পেরিকিলিস্ আথেন্সদেশের রাজকীয় ব্যাপারের পুনর্ব্বার সুধারা করেন।

৪৩১ পিলোপনিসস্ দেশে যুদ্ধ আরব্ধ হইয়া সপ্তবিংশতিবৎসর পর্য্যন্ত ক্রমাগত হয়।

৪২৬ আথেন্স নগরে মারীভয় হয়।

৪১৫ আথিনিয়ানেরা সাইরাকিউস্নামক নগর বেষ্টন করে।

৪০৪ লাইসাণ্ডর্ আথেন্স রাজ্য হস্তগত করিয়া তথাকার বাণিজ্যের ঘাট নষ্ট করেন।

৪০১ জিনোফনের কর্তৃত্বাধীন হইয়া দশসহস্র গ্রীকেরা আশ্চর্য্যরূপে প্রস্থান করেন।

৪০০ দেবতারদিগকে অমান্য করণহেতুক দোষী হইয়া সক্রেটিস্নামক মহাপণ্ডিতের মৃত্যু হয়।

৩৩১ শ্রেষ্ঠোপাধিবিশিষ্ট আলেকসাণ্ডর্ রাজা পার্শিয়ান্ ও অন্যান্য জাতিরদিগকে পরাভূত করেন।

৩২৪ বাবিলন্ দেশে আলেকসাণ্ডর্ রাজার মৃত্যু হয়।

২৬৪ পিউনিক্নামক প্রথম সংগ্রাম অর্থাৎ কার্থেজ্দেশস্থেরদিগের সহিত রোমানের দিগের যুদ্ধ আরব্ধ হইয়া চতুর্বিংশতি বৎসর পর্য্যন্ত ক্রমাগত হয়।

২৬১ রোমানেরা কতকগুলিন ডিঙ্গা যুদ্ধ সজ্জায় প্রস্তুত করেন।

২৫০ রোমানেরা জলযুদ্ধে কার্থেজ্ দেশস্থের-দিগের প্রথম পরাজয় করিয়া জয়ী হয়েন।

২৩৭ হামিল্কারনামক কার্থেজদেশস্থ সেনাপতি আপন পুত্র হানিবাল্কে রোমানেরদিগের প্রতি চিরকাল শত্রুতাচরণ করিতে শপথ করান।

২১১ দ্বিতীয় পিউনিক্নামক সংগ্রাম আরব্ধ হইয়া সপ্তদশবৎসর পর্য্যন্ত ক্রমিক হয়।

১৯০ আশিয়ানামক মহাদ্বীপে রোমানের-দিগের সৈন্যের প্রথমাগমন হয়।

১৬৮ রোমানেরদিগেরকর্তৃক পর্সিয়স রাজার পরাভব হওয়াতে মাসিডোনিয়ান্ রাজ্য ধ্বংস হয়।

১৪৯ তৃতীয় পিউনিকনামক যুদ্ধ হয়।

১৪৬ রুমরাজ্যের প্রতিযোগি কার্থেজ্ নগর রোমানেরদিগেরকর্তৃক সমভূমি হয়।

১৩৫ প্রাচীন টেষ্টমেণ্ট অর্থাৎ ধর্ম্মপুস্তকের ইতিহাসসূচক খণ্ড ও মাকাবিস্নামক খণ্ডের বিবরণ এই শকে সমাপ্ত হয়।

৮৮ পাণ্টস্ দেশের মিথ্রিডেটিস্নামক রাজার সহিত রোমানেরা যুদ্ধারম্ভ করেন।

৫৫ ব্রিটেন্নামক উপদ্বীপে সিসার্ নামে ভূপতি যুদ্ধার্থে গমন করেন।

৪৮ মাসিডন্ দেশান্তর্গত ফার্সেলিয়ানামক স্থানে পম্পির সহিত সিসারের যুদ্ধ হয়।

৪২ ফিলিপিনামক স্থানের নিকটে ব্রূটস্ ও কাশিয়সের পরাভব হয়।

৩৬ পম্পি আগস্‌টস্‌কর্তৃক জলযুদ্ধে পরাজিত হয়েন।

৩১ আক্‌টিয়মের যুদ্ধে আগস্‌টস্‌ সম্যক্‌ প্র-কারে জয়ী হয়েন।

৮ জুলাই মাসের পরমাসকে আগস্‌টস্‌ রাজা আপন নাম দেন অর্থাৎ ঐ মাসের নাম আগষ্ট রাখেন।

১ আগস্‌টস্‌ জেনস্‌নামক দেবতার মন্দির দ্বার বদ্ধ করেন এবং অনুমান হয় ঐ শকে জিজস্‌ ক্রাইষ্টের জন্ম হয়।

ক্রাইষ্টের জন্ম শকের পর।

১২ জিজস্‌ ক্রাইষ্ট মন্দিরস্থ পণ্ডিতেরদিগের বাক্য শ্রবণ করিয়া তাঁহারদিগকে প্রশ্ন করেন।

১৪ আগস্‌টসের মৃত্যুর পর টাইবিরিয়স্‌ রাজা হয়েন।

৩৩ জিজস্‌ ক্রাইষ্টের মৃত্যু ও তাঁহার পুনর্জীবন ও স্বর্গারোহণ হয়।

৪৩ ক্লাডিঅস্ ব্রিটেন্ দেশে যুদ্ধার্থে গমন
করিয়া জয়ী হয়েন।

৬১ ব্রিটেন্ দেশে রোমানেরদিগের পরাভব হয়।

৬৮ নিরো রাজা আত্মঘাতী হইয়া প্রাণ পরি–
ত্যাগ করেন।

৭০ টাইটস্‌কর্তৃক জিরুসালেম্ নগরের বেষ্টন
ও বিনাশ হয়।

৭৮ রুম্ নগরে মারীভয় হওয়াতে এক দিবসের
মধ্যে দশ সহস্র লোকের মৃত্যু হয়।

৯৮ নর্বা রাজার মৃত্যু হয় ও ট্রেজান্ রাজ
সিংহাসনারোহণ করেন।

১২১ গ্রেট্‌ব্রিটেন্ দেশে আড্রিয়ানের প্রাচীর
নির্ম্মাণ হয়।

১৬১ মার্কস্ আরিলিয়স্ আণ্টোনিয়স্ ও লিউ-
শিয়স্ বিরস্ ঐ দুই সম্রাট হয়েন।

১৮০ কামোডস্ সম্রাট্ হয়েন।

১৯৩ পর্টিনাকস্ রাজা হয়েন এবং ডাইডিয়স্
জুলিয়ানস্ রাজ্যক্রয় করেন।

২০৮ সর্ব্বেরস্ আপন দুই পুত্র কারাকালা ও
জিটার সহিত ব্রিটেন্ দেশে আগমন করেন।
২০৯ কালিডোনিয়ান্ জাতিরা পরাভূত হয়েন
এবং ফোর্থ ও ক্লাইড্ নদীর মধ্যে এক প্রা-
চীর নির্ম্মাণ হয়।
২২২ রোমানেরা গথ্জাতীয়েরদিগকে কর দেন।
২৩৫ মাক্সিমিনস্ আলেক্জাণ্ডর্ সিবিরস্কে বধ
করিয়া সম্রাট্ হয়েন।
২৬৯ গথ্ ও হিরিউলাই জাতীয়ের ৩২০০০০
লোককে কাডিয়স্ রাজা পরাভূত করেন।
২৯২ দুই রাজা ও দুই যুবরাজের মধ্যে রুম্
রাজ্য বিভাগ হয়।
৩০৬ কানষ্টাণ্টাইন্ রাজা ক্রিষ্টিয়ানেরদিগের
উপর দৌরাত্ম্য করা নিবারণ করেন।
৩৩১ কানষ্টাণ্টাইন্ রাজার তিন পুত্রের মধ্যে
রাজ্য বিভাগ হয়।
৩৬১ জুলিয়ান্ রাজা ক্রিষ্টিয়ান্ ধর্ম্মত্যাগ ক-
রাতে দেবতারদিগের পণ্টিফেক্স্ মাক্সিমস্

অর্থাৎ প্রধানযাজকরূপে বিখ্যাত হয়েন।

৩৭৮ গথ জাতিরা যুদ্ধার্থে কান্‌ষ্টান্টিনোপল্‌ নগরের দ্বার পর্য্যন্ত আইসে।

৩৮৩ হুনেরা মিসোপোটেমিয়া দেশ উৎসন্ন করে এবং গথেরদিগের কর্তৃক তাহারা পরাভূত হয়।

৩৯৫ হুনেরা পূর্ব্বদিকস্থ দেশ আক্রমণ করে।

৪০০ আলারিক্‌ নামে গথ্‌ জাতীয় রাজা ইটালি রাজ্যস্থ দ্রব্যাদি হরণ করেন।

৪১০ আলারিক্‌ রাজা রুমদেশস্থ দ্রব্যাদি অপহরণ করত ঐ নগর দগ্ধ করেন।

৪২৬ রোমানেরা ব্রিটেন্‌ দেশহইতে আপন সৈন্য উঠাইয়া লইয়া যান।

৪৫০ ঈশ্বরের কোপ নামে খ্যাত যে আটিলা তিনি জর্মনি ও ফ্রান্সদেশের দ্রব্যাদি অপহরণ করেন।

৪৫৫ জেন্‌সিরিক্‌ নামে বাণ্ডালেরদের রাজা রুম্‌ নগর জয় করত তত্রস্থ দ্রব্যাদি হরণ করেন।

৪৬৬ ইউরিক্ নামে বিসিগথ্ জাতীয়ের রাজা রোমানেরদিগকে স্পেন্ দেশহইতে বহিষ্কৃত করিয়া দেন।

৪৭৬ ওডোআসর্ নামে হিরিউলাই জাতীয়ের রাজা রুম্ রাজ্য জয় করেন এবং পশ্চিম রাজ্য ধ্বংস হয়।

৪৮৮ থিওডোরিক্ নামে আষ্ট্রোগথ্ জাতীয়ের ভূপতি ওডোআসর্কে পরাভূত করেন এবং জিনোনামক সম্রাট্ তাঁহাকে ইটালি দেশের রাজা বলিয়া স্বীকার করেন।

৫২৯ বিলিসেরিয়স্ নামধেয় জষ্টিনিয়ান্ রাজার সেনাপতি পর্শিয়ান্ জাতিরদিগকে পরাজিত করেন।

৫৩৪ আফ্রিকানামক মহাদ্বীপে বিলিসেরিয়স্ জিলিমর্কে এবং বাণ্ডালেরদিগকে পরাভূত করেন।

৫৩৭ বিলিসেরিয়স্ ইটালিদেশে আষ্ট্রোগথের-দিগকে পরাজয় করিয়া রুম্রাজ্য জয় করেন।

৫৪০ বিলিসেরিয়স্ ইটালিদেশের রাজা হইতে অস্বীকৃত হয়েন।

৫৪৩ টোটিলা নামে গথ্‌জাতীয়ের রাজা রোমানেরদিগের হস্তহইতে ইটালিদেশ উদ্ধার করেন।

৫৪৯ বিলিসেরিয়স রূম রাজ্য পুনর্জয় করেন কিন্তু তৎপর বৎসর টোটিলা ঐ দেশ পুনঃ স্বায়ত্ত করেন।

৫৬৮ লাম্বার্ড জাতিরা ইটালি রাজ্য জয় করে।

৫৯৭ আগষ্টিন্ নামে যোগী সাক্‌সন্ জাতিরদিগকে ক্রিষ্টিয়ান্ ধর্ম্মাবলম্বি করেন।

৬০২ ফোকাস্‌নামক সম্রাট্ রূম্ দেশীয় মহা২ ধর্ম্মাধ্যক্ষেরদিগের প্রাধান্য স্বীকার করেন।

৬৩২ মহম্মদের মৃত্যু হয় এবং আবুবকর্ তাঁহার উত্তরাধিকারী হইয়া সারাসেন্ জাতীয়ের রাজা হয়েন।

৬৩৬ ওমার্ এবং সারাসেনেরা জিরুসালেম্ নগর জয় করেন।

৬৪০ যেং বিষয় জানা আবশ্যক সে সকলি কোরানে অর্থাৎ মহম্মদীয় ধর্ম্ম পুস্তকে আছে ইহা অনুমান করিয়া সারাসেনেরা আলেক্সাণ্ড্রিয়ানামক নগরে টলেমি ফিলে-ডেলফিয়স্ রাজা যে পুস্তকালয় স্থাপন করিয়াছিলেন তাহা অনাবশ্যক বোধ করিয়া দগ্ধ করে।

৬৭৫ সারাসেনেরা স্পেন্‌দেশে প্রবেশ করিবার চেষ্টা করাতে বিসিগথেরা তাহারদিগকে পরাঙ্মুখ করিয়া দেয়।

৬৮৫ সারাসেন্‌ জাতিরা ব্রিটনেরদিগকে সম্যক্‌ প্রকারে পরাজয় করাতে তাঁহারা ওএল্‌স্‌ নামক স্থানে প্রস্থান করেন।

৬৯০ রাজবাটীর অধ্যক্ষ যে পেপিন্‌ হরিষ্টেল্‌ তিনি ফ্রান্সদেশে প্রধান পরাক্রমপ্রাপ্ত হয়েন।

৭১৩ কালিফ্‌ওয়ালিরদের সেনাপতি মিউকার কর্তৃত্বাধীন হইয়া সারাসেনেরা স্পেন্‌দেশ জয় করে।

৭৫১ কার্লোবিঞ্জিয়ান্ কুলপতি ব্রেফ্ অর্থাৎ খর্ব্বোপাধিবিশিষ্ট পেপিন্‌নামক ফ্রান্স্‌দেশীয় রাজার জন্ম হয়।

৭৭২ চার্ল যাঁহার নামান্তর শারল্‌মেন্ ছিল তাঁহার ফ্রান্স্ রাজ্যে ঐকাধিপত্য হয়।

৭৭৪ শারল্‌মেন্ রাজা ডিসিডরিস্‌কে পরাজয় করিয়া লাম্বার্ড জাতীয়ের রাজ্য ধ্বংস করেন।

৭৭৯ শারল্‌মেন্ রাজা নাবের্ ও সার্ডিনিয়ানামক স্থান সায়ত্ত করেন।

৭৮৫ শারল্‌মেন্ রাজা সাক্‌সনেরদিগকে সম্যক্ প্রকারে পরাভূত করেন।

৭৯৪ শারলমেন্ হনেরদিগকে পরাজয় করিয়া ঐ জাতিরদিগকে উচ্ছিন্ন করেন।

৮০০ শারল্‌মেন্ রুম্ নগরে সম্রাট পদাভিষিক্ত হয়েন।

৮৪২ ফ্রাঙ্কেরদিগের রাজ্যহইতে জর্মনিদেশ স্বতন্ত্র হওয়াতে ব্যবেরিয়াদেশীয় লুইস্

তাহার সম্রাট হয়েন।

৮৬৭ ডেন্ জাতিরা ইংলণ্ড রাজ্য উচ্ছিন্ন করিতে আরম্ভ করে।

৮৮২ শ্রেষ্ঠোপাধিবিশিষ্ট আলফ্রেড্ রাজা রাজকীয় ব্যবস্থা রচনা করেন এবং ইংলণ্ড রাজ্য এই কএক প্রকারে বিভাগ করেন যথা কৌণ্টি অর্থাৎ প্রদেশ ও হণ্ড্রেড্ অর্থাৎ শত ঘর গৃহস্থ এবং টাইদিং অর্থাৎ দশ ঘর গৃহস্থ।

৯১২ তৃতীয় লুইসের মৃত্যু হওয়াতে কার্লোবিঞ্জিয়ান্ রাজবংশলোপ হয়।

৯৮৭ ফ্রান্সদেশীয় তৃতীয় রাজকুলের পতি হিউকাপট্ রাজা হয়েন।

১০০২ এথেল্‌রেড্‌নামক ইংলণ্ডীয় রাজা অনেক ডেনেরদিগকে বধ করেন তাহাতে কেবল ত্রিংশৎজন ডেন্ পলায়ন করত রক্ষা পান।

১০৪১ কান্ফেসর্ উপাধিবিশিষ্ট এড্ওয়ার্ড রা–

জার রাজ্যপ্রাপ্ত হওয়াতে সাক্সন্ জাত্যুৎপন্ন রাজারদিগের ইংগ্লণ্ড দেশে রাজত্বের পুনঃসংস্থাপন হয়।

১০৫৫ টর্কজাতিরা বাগদাদ্ নগর জয় করিয়া কালিফ্ উপাধেয় তদ্দেশস্থ রাজারদিগের রাজ্যধ্বংস করে।

১০৬৬ উইলিয়ামনামক নার্মণ্ডিদেশের অধিপতি ইংল্ণ্ড রাজ্য জয় করেন।

১০৯৫ পিটর্সংজ্ঞক যোগী ইউরোপীয় নানা দেশ ভ্রমণ করত তীর্থস্থান অর্থাৎ জিরুসালেম্ নগরোদ্ধারার্থে প্রথম যুদ্ধ উপস্থিত করান।

১০৯৯ বোইলন্দেশীয় গাড্ফ্রে জিরুসালেম্ নগর জয় করেন।

১১১৮ নাইটস্ টেম্প্লার্স সংজ্ঞক কুলীনেরদিগের শ্রেণীর সংস্থাপন হয়।

১১৩৯ আল্ফান্সোনামক পোর্টিউগাল্ রাজ্যের প্রথমাধিপতি সারাসেন্ জাতিরদের

নিকটহইতে ঐ দেশ উদ্ধার করেন।

১১৪১ লিন্কন্নামক স্থানের যুদ্ধে ষ্টিবেন্ নামে ইংলণ্ডীয় রাজা বন্দী হয়েন।

১১৪৭ বর্ণার্ডনামক সিদ্ধপুরুষ জিরুসালেম্ নামক তীর্থস্থানোদ্ধারার্থে দ্বিতীয় সংগ্রাম উপস্থিত করান।

১১৫৪ ফ্লেমিংজাত্যুদ্ভূত গুএল্ফ ও ঘিবিলিন্নামক পরস্পর প্রতিযোগী উভয় বংশীয়েরা ইটালিদেশে নানা উৎপাত উপস্থিত করেন।

১১৮৭ সালাদিন্ রাজা জিরুসালেম্ নগর জয় করেন।

১১৮৯ প্রথম রিচার্ড রাজা ফ্রান্সদেশীয় ফিলিপ্ আগস্টস্ রাজার সহিত একত্র জিরুসালেম্নামক তীর্থস্থান উদ্ধারার্থ তৃতীয় সংগ্রামে প্রবৃত্ত হয়েন।

১১৯২ জুডিয়াদেশ মধ্যবর্ত্তি আস্কেলন্নামক স্থানের যুদ্ধে প্রথম রিচার্ড রাজা সারা-

সেন্ জাতীয় রাজা সালাদিন্কে পরাভূত করেন।

১২০২ বিনিস্ দেশস্থেরা জিরূসালেমনামক তীর্থ-স্থান উদ্ধারার্থ চতুর্থ সংগ্রামে প্রবৃত্ত হয়েন এবং টর্ক ও বিনিশিয়ান্ জাতিরা কানষ্টাণ্টিনোপল নগর জয় করে।

১২২৭ জাঙ্গিস্খাঁর কর্তৃত্বাধীন হইয়া ট্যরটার্ জাতিরা সারাসেনেরদিগের রাজ্য উচ্ছিন্ন করে।

১২৪৮ নবম লুইস্ রাজা জিরূসালেম্ নগর উদ্ধারার্থ পঞ্চম সমরে উদ্যত হয়েন।

১২৫৮ টারটারজাতিরদিগের কর্তৃক বাগদাদ্ নগর জয় হওয়াতে সারাসেনেরদিগের রাজ্যধ্বংস হয়।

১২৬০ গ্রীকেরা কান্ষ্টাণ্টিনোপল্ নগর পুনঃ স্বায়ত্ত করে।

১২৮৩ প্রথম এডওয়ার্ড রাজা ওএল্স রাজ্য জয় করেন।

১২৯৮ ওটোমান্ রাজার রাজত্বসময়ে বাইথি-
নিয়াদেশে টর্কজাতিরদিগের কর্তৃত্বারম্ভ
হয়।

১৩০৭ সুইস্ কান্টন্ অর্থাৎ রাজত্বের সংস্থাপন
হয়।

১৩১৪ বানাক্বরণনামক স্থানের যুদ্ধে স্কাট্-
জাতীয়েরা ইংগ্লণ্ডীয়েরদিগকে পরাভূত
করে।

১৩৩১ প্রুশিয়াদেশে টিউটোনিক্নাইট্সংজ্ঞক
কুলীনেরা বাস করেন।

১৩৪৬ তৃতীয় এডওয়ার্ড রাজা এবং ব্লাকপ্রিন্স
নামে খ্যাত তাঁহার পুত্র এই দুই জনে
ক্রেসিনামক স্থানের যুদ্ধে ফ্রেঞ্চেরদিগকে
পরাজয় করেন।

১৩৫৬ পোইতেয়রনামক স্থানের যুদ্ধে রাজা
জান্ বন্দী হইয়া ইংল্ণ্ডে আইসেন।

১৩৮৩ অটর্বরণনামক স্থানে ডগ্লসের সহিত
হাট্স্পর পর্সির যুদ্ধ হয়।

১৩৯৫ প্রথম বাজাজেট্ রাজা হঙ্গারিদেশীয় ভূপতি সিজিসমণ্ডকে পরাভূত করেন।

১৪০২ আঙ্গোরিয়ানামক স্থানের যুদ্ধে তাই-মরলেন্ বাজাজেট্ রাজাকে বন্দি করেন। ঐ সংগ্রামে দশ লক্ষ লোক যুদ্ধ করে এবং তিন লক্ষ লোক বিনাশ হয়।

১৪১৫ আজিন্‌কোর্টনামক স্থানে পঞ্চম হেন্‌রি ফ্রেঞ্চেরদিগকে পরাজয় করেন এবং জান্‌হস্‌নামক এক ব্যক্তি নাস্তিক হওন অপরাধে দোষী হইয়া দগ্ধ হয়।

১৪৫৩ টর্কজাতিরা কান্‌ষ্টাণ্টিনোপল্ নগরাধিকার করে।

১৪৮৫ অনেক লোক ক্ষয়কর আত্মবিরোধানন্তর ইয়ার্ক ও লাঙ্কাষ্টর্ বংশীয়েরদিগের সংমিলন হয়।

১৪৯২ কৃষ্টফর্ কোলম্বস্‌নামক এক ব্যক্তি হিস্পানিওলা ও কিউবা ঐ দুই উপদ্বীপ প্রকাশ্য করেন।

১৪৯৭ বাস্কোডিগামার কর্তৃত্বাধীন হইয়া পোর্টিউগি জাতিরা গুড্‌হোপনামক অন্তরীপ্ পরিবেষ্টন করিয়া পূর্ব্ব ইণ্ডিয়ায় আগমন করে।

১৪৯৯ সিবাষ্টিয়ান্ কাবট্‌নামক এক ব্যক্তি উত্তর আমেরিকা প্রকাশ করেন।

১৫০০ মাক্সিমিলিয়ান্‌নামক সম্রাট জর্ম্মনি দেশকে নানা সর্কলে অর্থাৎ নানাপ্রদেশে বিভক্ত করেন।

১৫১৭ লিউথর্‌সংজ্ঞক এক ব্যক্তি জর্ম্মনিদেশে সদ্ধর্ম্ম সংস্থাপনারম্ভ করেন।

১৫২২ মাগেলনের ডিঙ্গাসমূহের মধ্যে এক ডিঙ্গা প্রথমে পৃথিবী পরিবেষ্টন করে।

১৫৩৪ ইংগ্লণ্ড দেশে সদ্ধর্ম্ম সংস্থাপন হয়।

১৫৭২ বার্থোলোমিউনামক সিদ্ধপুরুষের উৎসবের দিবস রাত্রিযোগে পারিসনগরস্থ অনেক রূমীয় মহা২ ধর্ম্মাধ্যক্ষের বিরুদ্ধ মতাবলম্বিরদিগের বিনাশ হয়।

১৫৮৮ স্পানিশ আর্মেডা অর্থাৎ স্পেন্‌দেশীয় ডিঙ্গাসমূহের বিনাশ হয়।

১৬০৩ ইংগ্লণ্ড ও স্কাট্‌লণ্ড রাজ্যের সংমিলন হয়।

১৬২৫ পশ্চিম ইণ্ডিয়ায় ইংগ্লণ্ডীয় লোকের-দিগের প্রথম বসতি হয়।

১৬৪৯ ইংগ্লণ্ড রাজ্যে সাধারণ কর্তৃত্ব রাজ-শাসনের সংস্থাপন হয়।

১৬৬০ ইংগ্লণ্ডদেশে ঐকাধিপত্য রাজশাসনের পুনঃ সংস্থাপন হয়।

১৬৮৮ ব্রিটেন্ রাজ্যে উপপ্লব হয়।

১৬৯০ বোয়ন্‌নামক স্থানের যুদ্ধ হয়।

১৭০৪ মারল্‌বরা প্রদেশাধিপতি অন্যান্য মি-লিত রাজগণের সহিত একত্র ব্লেন্‌হেম্ নামক স্থানের যুদ্ধে জয়ী হয়েন।

১৭০৯ মালপ্লাকেট্‌নামক স্থানের সংগ্রাম হয়।

১৭১৪ ষ্টুয়ার্ট বংশীয় রাজগণের পর গুএল্ফ বং-শীয়েরা গ্রেট্‌ব্রিটেন্‌নামক রাজ্যে রাজা হয়েন।

১৭৩২ কৌলিখাঁ পর্শিয়া রাজ্যাপহরণ এবং
মোগল্ রাজ্য জয় করেন।

১৭৪৩ ডেটিঙ্গেননামক স্থানের যুদ্ধ হয়।

১৭৪৫ ফাণ্টেনয়্নামক স্থানের সংগ্রাম হয়।

১৭৫৬ লিস্বন্ নগর ভূমিকম্পদ্বারা বিধ্বস্ত হয়।

১৭৫৯ মিণ্ডেননামক স্থানের যুদ্ধ হয়।

১৭৬৩ পারিস্ নগরে গ্রেট্‌বিটেন্ ও ফ্রান্স এবং
স্পেন্ দেশস্থেরদিগের সন্ধি হয়।

১৭৭২ রূশিয়া ও প্রুশিয়া এবং আষ্ট্রিয়া দেশীয়
রাজগণেরা পোলাণ্ড রাজ্য আপনারা
বিভাগ করিয়া লয়েন।

১৭৮০ আড্মিরল অর্থাৎ ডিঙ্গাধিপতি রোড়্নি
স্পেন্ দেশস্থ ডিঙ্গাসমূহ জয় করত
দ্বাবিংশতি ডিঙ্গা হস্তগত করেন।

১৭৮২ রোড়্নি ডিগ্রেসের কর্তৃত্বাধীন ফ্রান্স দে-
শীয় ডিঙ্গাসমূহ জয় করেন।

১৭৮৩ গ্রেট্‌বিটেন্ ও ফ্রান্স এবং স্পেন্ দেশীয়
রাজগণেরদিগের সন্ধি হয়।

১৭৮৯ ফ্রান্স দেশে উপপ্লবারম্ভ হয়।

১৭৯৩ ফ্রান্স দেশীয় রাজার ও রাণীর মস্তক ছেদন হয়।

১৭৯৪ লার্ডউপাধিবিশিষ্ট হৌ ফ্রান্স দেশীয় ডিঙ্গাসমূহ জয় করেন।

১৭৯৭ ডিঙ্গাধিপতি ডন্‌কান্‌ ডচ্‌ জাতীয়েরদিগের পঞ্চ দশখান ডিঙ্গা হস্তগত ও বিনাশ করেন এবং সেণ্ট বিন্‌সেণ্টনামক অন্তরীপের নিকট ডিঙ্গাধিপতি সর অর্থাৎ মহান উপাধেয় জান্‌ জরবিস্‌ স্পেনদেশস্থ প্রবলতর ডিঙ্গাসমূহ সম্যক প্রকারে জয় করেন।

১৭৯৮ নাইল্‌নদীর মহনায় ডিঙ্গাধিপতি নেল্‌সন ফ্রান্স দেশীয় ডিঙ্গাসমূহ সম্যকপ্রকারে পরাজয় করেন।

১৮০০ মারেঙ্গোনামক স্থানে আষ্ট্রিয়ান্‌ জাতিরদিগের সম্যক প্রকারে পরাজয় হয়।

১৮০১ গ্রেট্‌ব্রিটেন্‌ এবং য়াইয়ার্লণ্ড রাজ্যের সং-

মিলন হয়।

১৮০২ লণ্ডন্ নগরে সন্ধির প্রচার হয় এবং নেপোলিয়ান বোনাপার্টি য়াবজ্জীবন ফ্রান্স রাজ্যের কান্সল্ অর্থাৎ প্রধান রাজ্যেঅধ্যক্ষ হয়েন।

১৮০৩ মাল্টানামক উপদ্বীপের নিমিত্তে ফ্রেঞ্চজাতীয়েরদিগের সহিত ইংলণ্ডীয়েরদিগেরে পুনর্ব্বার সমরারম্ভ হয়।

১৮০৪ রুমীয় মহা২ধর্ম্মাধ্যক্ষ নেপোলিয়ানকে ফ্রান্স দেশের সাম্রাজ্যাভিষিক্ত করেন এবং আষ্টর্লিটজ্নামক স্থানের যুদ্ধ হয়।

১৮০৫ নেপোলিয়ান ইটালিদেশে রাজা হয়েন এবং ডিঙ্গাধিপতি লর্ড উপাধেয় নেল্সন্ ট্রাফাল্গারনামক স্থানের নিকট ফ্রেঞ্চ এবং স্পানিশ্ জাতীয়েরদিগের ডিঙ্গাসমূহ পরাজয় করত বিংশতি ডিঙ্গা হস্তগত ও বিনষ্ট করেন।

১৮০৬ নেপোলিয়ান্ রাজা জর্মনি রাজ্য বিনাশ করেন এবং জেনানামক স্থানে প্রুশিয়ান্ জাতিরা সম্যক প্রকারে পরাভূত হয়।

১৮০৭ টিল্সিট্নামক স্থানে রুশিয়া ও প্রুশিয়া এবং ফ্রান্স দেশীয়েরদিগের সন্ধি হয়।

১৮০৯ নেপোলিয়ান্ রাজা ওয়াগ্রাম্নামকস্থানে আষ্ট্রিয়ান্ জাতিরদিগকে সম্যক্ প্রকারে পরাজয় করেন এবং তদনন্তরে বিয়েনা নগরে আষ্ট্রিয়া এবং ফ্রান্স দেশীয়েরদিগের সন্ধি হয়।

১৮১২ নেপোলিয়ান্ রাজা মাস্কোনগর জয় করেন এবং রুশিয়ান জাতিরা তৎস্থান দগ্ধ করে পরে ফ্রেঞ্চেরা বিস্তর ক্ষতি স্বীকার করিয়া তথাহইতে প্রস্থান করে।

১৮১৩ লট্জেন্ ও বাট্জেন্ ও ড্রেস্ডেন্ এবং লিপ্সিক্নামক স্থানে ফ্রান্স দেশীয়ের-দিগের সহিত রুশিয়ান্ ও আষ্ট্রিয়ান্ ও প্রুশিয়ান্ ও সুইড এবং সাক্—

ন্‌জাতিরদিগের সংগ্রাম হয় এবং নে-
পোলিয়ান্‌ রাজা ফ্রান্ন দেশের রাজত্ব
পরিত্যাগ করেন।

১৮১৪ রুশিয়ান্‌ ও প্রুশিয়ান্‌ ও আষ্ট্রিয়ান্‌ ও
বাবেরিয়ান্‌ এবং ইংলিশজাতিরদিগের
কর্তৃক ফ্রান্নদেশাক্রমণ হওয়াতে নেপো-
লিয়ান্‌ রাজা রাজত্ব পরিত্যাগ করত
এল্বানামক উপদ্বীপে প্রস্থান করিলে
বোর্বোঁ বংশীয়েরা ফ্রান্ন দেশে পুনর্ব্বার
রাজা হয়েন।

১৮১৫ এল্বা উপদ্বীপহইতে ফ্রান্নদেশে নেপো-
লিয়ান্‌ রাজার প্রত্যাগমন করাতে
বোর্বোঁ বংশীয় রাজা পলায়ন করেন কিন্তু
ইহার তিন মাস পরে ওয়াটর্লুনামক
স্থানের যুদ্ধে ওএলিংটন্‌ ও ব্লুচরের
জয়ী হওয়াতে তাঁহাকে আমেরিকানামক
মহাদ্বীপে গমনার্থ ডিঙ্গারোহণ করিতে
হইয়াছিল. পরন্তু ইংলণ্ডীয় জিহাজ

সেন্যেরদিগের সহিত যুদ্ধে তাঁ
হইয়া আপনাকে তাহারদিগে
সমর্পণ করিলে তাহারা তাঁহাকে
করিয়া সেণ্টহেলিনানামক উ
প্রেরণ করে।

১৮১৬ ফোর্টএরি ও লেকচাম্লেন্ এব
অর্থাৎ নব্য আরিলিয়ান্সনামক
অনেক ঘোরতর সংগ্রামের পরি ই
য়েরদিগের ইউনাইটেড্ ষ্টেটস
আমেরিকার উত্তরখণ্ডস্থ সংমিলি
জ্যস্থেরদিগের সহিত সন্ধি হয়।

১৮১৭ বিউনস্আরিস্ ও চিলি এবং বিমি
নামক স্থানে সাধারণ কর্তৃত্ব রাজ
সংস্থাপন হয়।

সমাপ্ত।

IMPERIAL LIBRARY.

...লিটরারি

...দিগের নাম।

শ্রী শিবচরণ ঠাকুর।
শ্রী অমলচন্দ্র গঙ্গোপাধ্যায়।
শ্রী অতুলচন্দ্র গঙ্গোপাধ্যায়।
শ্রী হেরম্বনাথ ঠাকুর।
শ্রী ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়।
শ্রী অবিনাশচন্দ্র গঙ্গোপাধ্যায়।
শ্রী শম্ভুচরণ ঠাকুর।
শ্রী জয়কৃষ্ণ সেট।
শ্রী জগচ্চন্দ্র রায়।
শ্রী রাধাকান্ত সেট।
শ্রী নসিরাম মিত্র।
শ্রী সুখময় রায়।